# বিশিষ্ট চিন্তক বদরুদ্দিন ওমরের মৃত্যুতে তারেক রহমানের শোক



সংগৃহীত ছবি

দেশের প্রখ্যাত চিন্তক, লেখক, শিক্ষক ও প্রবীণ বামপন্থী রাজনীতিক বদরুদ্দিন ওমরের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। রবিবার সকালে শ্যামলীর স্পেশালাইজড হাসপাতালে যাবার পথে তার এই আকস্মিক মৃত্যু হয়।

তারেক রহমান তার ভেরিফাইড ফেসবুক পেজে দেওয়া এক শোকবার্তায় বদরুদ্দিন ওমরকে 'স্বাধীনচেতা, নির্ভিক কণ্ঠস্বরের বুদ্ধিজীবী' হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, 'জনগণের সম্মান ও নিদারুণ বেদনাকে মর্মে মর্মে উপলব্ধি এবং সেটিকে প্রতিবাদের ভাষায় মূর্ত করতে পারতেন মরহুম বদরুদ্দিন ওমর।'

শোকবার্তায় আরও বলা হয়, '৫২-এর ভাষা আন্দোলন থেকে শুরু করে দেশমাতৃকার স্বাধীনতা এবং সকল স্বৈরতন্ত্রের বিরুদ্ধে সংগ্রামে প্রয়াত বদরুদ্দিন ওমরের চিন্তা ও লেখনিসহ সক্রিয় তৎপরতা ছিল অবিস্মরণীয়।' তারেক রহমান বদরুদ্দিন ওমরের গবেষণাধর্মী গ্রন্থগুলোকে জাতির অমূল্য সম্পদ হিসেবে আখ্যায়িত করেন।

বিএনপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান আরও উল্লেখ করেন যে, বারবার রাজরোষে পড়ার পরও বদরুদ্দিন ওমর তার আদর্শ বাস্তবায়নে ছিলেন আপোষহীন। কোনো ভয় বা হুমকি তাকে তার কর্তব্য থেকে বিরত রাখতে পারেনি। তিনি বলেন, 'তিনি এদেশে ছিলেন স্বাধীন বিবেকের এক প্রতীক।'

তারেক রহমান মরহুম বদরুদ্দিন ওমরের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকাহত পরিবার, ভক্ত ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

LENS ASIA